



## বিশ্ব তথ্য সমাজ শীর্ষ সম্মেলনে ব্যবসা সুযোগের উন্নয়ন চাহিদা পূরণ

আজকের লোকসানি নিয়ন্ত্রণকারী পরিবেশ, অভিনব অর্থায়ন বাহন (জার্মান ব্যাংকের সেল ফোন ভাড়া প্রদান কর্মসূচির কথা স্মর্তব্য) এবং অপেক্ষাকৃত উন্নত, সস্তা ও সহজ প্রযুক্তি পরিশেষে অনেক উন্নয়নশীল দেশে সম্ভাবনাময় ও লাভজনক ব্যবসা করছে।

যথাযথভাবে মূল্যায়ন হলে এসব উদ্যোগ বিনিয়োগ আকর্ষণ করতে পারে। বিশ্বব্যাপক প্রযুক্তি প্রকল্পে প্রতিশ্রুত প্রতি ডলারে সর্বোচ্চ ৯ ডলার ব্যবসার হিসেব করে (এটা বেসরকারি খাতের তিন গুণ)। ইন্টারনেট প্রটোকল, সেলুলার টেলিফোনি ও Wi-Fi-এর মতো বর্তমান হাতিয়ারগুলো কম সময় ও কম ব্যয়ে স্থাপন করা যায় বলে বিশেষ করে জায়মান টেলিযোগাযোগ অবকাঠামো সংবলিত দেশের উপযোগী। এ কারণে শিল্পের উদ্ভাবকরা বিকাশের জন্য ভারত, চীন ও রাশিয়ার মতো দেশের বাজারের দিকে নজর দিতে শুরু করেছে।

কোনো ধনী দেশে প্রত্যেক সম্ভাব্য ইন্টারনেট গ্রাহকের জন্য উন্নত বিশ্বে রয়েছে দশটি সুযোগ ও ব্রডব্যান্ডের মতো পরবর্তী সেবা, যা অনেক ক্ষেত্রেই আকর্ষণীয় প্রাপ্তি নিয়ে আসে। যোগাযোগে পছন্দের ধরন হিসেবে স্থানান্তরযোগ্য হ্যাডসেট আজকের উন্নয়নশীল ও ঘন বসতিপূর্ণ বাজার ছেয়ে গেলেও ওয়ারলেস ব্রডব্যান্ড হয়তো আগামীকালের ঘাতক যন্ত্র হিসেবে আবির্ভূত হবে।

বিকাশমান জ্ঞান-নির্ভর অর্থনীতিতে নতুন নতুন প্রযুক্তিও হয়তো পরিবর্তনের শক্তিশালী হাতিয়ার হতে পারে। ইন্টারনেটের কল্যাণে নতুন নতুন ক্ষুদ্র প্রতিষ্ঠানের উদ্ভব ঘটছে যারা সেল টেলিফোন ব্যবহারে স্বাচ্ছন্দ্যের মতোই সাবলীলভাবে ব্যবসা করে যাচ্ছে। কেবল ভারতের আখ ও কফি চাষীরাই বিদেশে তাদের পণ্যের বিদ্যমান মূল্য পরিস্থিতি ক্লিক করেই জেনে নিতে পারছে। ([www.datamationindia/eway.htm](http://www.datamationindia/eway.htm)) হংকং সরকার জনস্বাস্থ্য সম্পর্কিত হালনাগাদ সংক্ষিপ্ত বার্তা দিচ্ছেন।

এসব জায়মান, বিচ্ছিন্ন ও ছোট ছোট দৃষ্টান্ত অন্যান্য দেশে অনুসরণ করা হলে তার ফলাফল উলেখ করার মতো হতে পারে। বিপুল চাহিদার ফলে সঙ্কটাপন্ন কোনো খাত সচল হতে ও রক্ষা পেতে পারে।

## শীর্ষ সম্মেলনের সফলতার জন্য বহুপক্ষীয় স্বার্থ সংশ্লিষ্টের প্রতিশ্রুতি গুরুত্বপূর্ণ

তথ্যভাড়া এ বিশ্ব যেসব বিষয়ের সম্মুখীন সেগুলো পরীক্ষা করে দেখার মতো প্রথম সুযোগ এই শীর্ষ সম্মেলন সৃষ্টি করেছে। এ সম্মেলন প্রকাশের স্বাধীনতার নিশ্চয়তা বিধান এবং সাইবার নিরাপত্তা ও গোপনীয়তা নিশ্চিত করার উপায়ের মতো পুরনো সমস্যার নতুন ও সৃজনশীল সমাধান অন্বেষণের চেষ্টা চালাবে। প্রযুক্তির যেসব নতুন নতুন হাতিয়ার মানবিক, সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে ক্রমবর্ধমান হারে গুরুত্বপূর্ণ অনুঘটক হয়ে উঠছে সেগুলোর প্রসার ও ব্যবহারের সুযোগ সৃষ্টির জন্য অর্থায়নের পথও সম্মেলনকে খুঁজে বের করতে হবে।

বিশ্ব তথ্য সমাজ শীর্ষ সম্মেলন যেসব বিষয়ের সম্মুখীন সেগুলো জটিল ও পারস্পরিক সম্পর্কযুক্ত। তবে রাজনৈতিক ও সরকারি নেতৃবৃন্দ, নীতি-নির্ধারক ও আমলা, বেসরকারি খাত, সুশীল সমাজ ও প্রচার মাধ্যম যদি সকল মানুষের কাছে বিশ্ব তথ্য সমাজের সুফল প্রসার নিশ্চিত করার প্রতিশ্রুতি দেন তাহলে প্রয়োজনীয় নবাবিকারমূলক বহুপক্ষীয় স্বার্থসংশ্লিষ্ট সমাধান নাগালের মধ্যেই রয়েছে।